গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক : ৪৩.০০.০০০০.১১৮.১০.০১.২০১৭.১৬ তারিখ: ২০ নভেম্বর ২০১৭

বিষয়: ১৬/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত "ধানমন্ডি ৩২ নম্বর সড়ক হতে শোভাযাত্রা বাস্তবায়ন কমিটি"-এর সভা কার্যবিবরণী প্রেরণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কো "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যে" স্বীকৃতি লাভের অসামান্য অর্জন উপলক্ষে গঠিত **ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটির** ১৩/১১/২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী **ধানমন্ডি ৩২ নম্বর সড়ক হতে শোভাযাত্রা বাস্তবায়ন কমিটির** এক সভা গত ১৬/১১/২০১৭ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এইসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ৩ (তিন) পৃষ্ঠা।

২০.১১.২০১৭

(খাদিজা বেগম)
যুগ্মসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ফোনঃ ৯৫৪৬১৫৪

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন / গৃহায়ণ ও গণপূর্ত /তথ্য /যুব ও ক্রীড়া /মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জননিরাপত্তা/সুরক্ষা সেবা/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও ঢাকা মহানগরী আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটি।
৩। জনাব কবির বিন আনোয়ার, মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। জনাব মোঃ মসিউর রহমান, অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৬। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো/বাংলাদেশ শিল্পকলা একাডেমি/জাতীয় জাদুঘর/গণগ্রন্থাগার অধিদপ্তর/প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৭। কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৯। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ঢাকা।
১০। পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর/ বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১১। জেলা প্রশাসক, ঢাকা।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক, ঢাকা।
১৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কো "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যে" স্বীকৃতি লাভের অসামান্য অর্জন উপলক্ষে গঠিত ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটির ১৩/১১/২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী "ধানমন্ডি ৩২ নম্বর সড়ক হতে শোভাযাত্রা বাস্তবায়ন কমিটি'র কার্যবিবরণী।

সভার তারিখ ও সময়: ১৬/১১/২০১৭ তারিখ, বৃহস্পতিবার, বেলা ১২:০০ ঘটিকা
স্থান : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন নম্বর ৬, ১১ তলা)
সভাপতি : মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

সভাপতি উল্লেখ করেন যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কো "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যে" স্বীকৃতি লাভের অসামান্য অর্জন উপলক্ষে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৫/১১/২০১৭ তারিখে ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান করার লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে আহ্বায়ক করে **"ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটি"** নামে একটি উপ-কমিটি গঠন করা হয়। উক্ত উপ-কমিটি কর্তৃক গত ১৩/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় বিভিন্ন বাদকদলের অংশগ্রহণে *আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ দুপুর ২:০০ ঘটিকা হতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ, ধানমন্ডি ৩২ নম্বর সড়ক হতে শোভাযাত্রার একটি অংশের কার্যক্রম শুরু করতে হবে। উক্ত এলাকার জনপ্রতিনিধি, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী, স্কাউটস দল, সুসজ্জিত ঘোড়ার গাড়ি, পুলিশ, আনসার ও বিজিবি-এর বাদক দল এবং বিভিন্ন সাংস্কৃতিক দলের অংশগ্রহণের সুষ্ঠুভাবে শোভাযাত্রা সফল করতে হবে।*

২। শোভাযাত্রা সফল করার জন্য ধানমন্ডি ৩২ নম্বর সড়ক হতে শোভাযাত্রা বাস্তবায়ন কমিটি নামে গঠিত সভাই অদ্য আহূত সভা। তিনি আরও উল্লেখ করেন যে, জনপ্রতিনিধি, বীরমুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ, শিশু-কিশোর, বাংলাদেশ পুলিশ, আনসার ও বিজিবি-এর অংশগ্রহণে আনন্দ শোভাযাত্রাকে শৈল্পিক, নান্দনিক ও দর্শকগ্রাহী করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড ও ডিসপ্লেসহ বর্ণাঢ্য আয়োজনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত রয়েছে। কাজেই ধানমন্ডি ৩২ নম্বর সড়ক হতে আরম্ভ করে সোহরাওয়ার্দী উদ্যান পর্যন্ত শোভাযাত্রা গমনের লক্ষ্যে সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান।

৩। উপর্যুক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সুপারিশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | শোভাযাত্রা সাফল্যমন্ডিত করার লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো, মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, জাতীয় জাতীয় জাদুঘর, গণগ্রন্থাগার অধিদপ্তর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, পরিচালক, জাতীয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, এনজিও বিষয়ক ব্যুরো, মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, জাতীয় জাদুঘর, গণগ্রন্থাগার অধিদপ্তর, প্রত্নতত্ত্ব |

| | | |
|---|---|---|
| | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শিশু একাডেমি ও জেলা শিক্ষা অফিসার, ঢাকা-কে বিবেচ্য কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়। | অধিদপ্তর, নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, পরিচালক, জাতীয় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, জেলা শিক্ষা অফিসার, ঢাকা। |
| ২। | ১। ধানমন্ডি ৩২ নম্বর রোডের আশে-পাশের মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম ও দশম শ্রেণি, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসাসহ সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ শোভাযাত্রায় অংশগ্রহণ করবে। এ জন্য দুপুর ১:৪৫ ঘটিকার মধ্যে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ ধানমন্ডি ৩২ নম্বর সড়কের সামনে একত্রিত হবে;<br>২। পরিক্ষার্থীদের পড়াশুনার ব্যাঘাত যেন না ঘটে সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে;<br>৩। জেলা শিক্ষা কর্মকর্তা, ঢাকা কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে কত সংখ্যক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করবে তার তালিকা অবিলম্বে এই কমিটির নিকট প্রেরণ করবেন;<br>৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক তাঁদের ছাত্র-ছাত্রীদেরকে শোভাযাত্রায় অংশগ্রহণ, সোহ্‌রাওয়ার্দী উদ্যানে অবস্থান এবং তাদের অভিভাবকদের নিকট পৌছিয়ে দেওয়ার ক্ষেত্রে সমন্বয় সাধনসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;<br>৫। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শোভাযাত্রায় অংশগ্রহণের আবশ্যকতা নেই। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, অতিরিক্ত জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার, ঢাকা। |
| ৩। | জনপ্রতিনিধি ও সর্বস্তরের জনগণের শোভাযাত্রায় অংশগ্রহণের লক্ষ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ৪। | ধানমন্ডি এলাকা এবং ঢাকা শহরের অন্যান্য এলাকার আগ্রহী বীরমুক্তিযোদ্ধাগণকে শোভাযাত্রায় অংশগ্রহণের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ৫। | প্রয়োজনীয় ব্যানার, ফেস্টুন, প্লাকার্ডসহ উল্লেখযোগ্য সংখ্যক এনজিও কর্মীকে শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য এনজিও বিষয়ক ব্যুরো যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো |
| ৬। | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের রোভার স্কাউটস্ এবং স্কাউটস্ দল শোভাযাত্রায় অংশগ্রহণ করবে এবং উহাকে সুশৃঙ্খল রাখার ব্যবস্থা করবে। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার, ঢাকা ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস্। |
| ৭। | আনসার, পুলিশ ও বিজিবি-এর চৌকষ বাদক দল শোভাযাত্রায় অংশগ্রহণ করবে। | সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৮। | শোভাযাত্রায় সর্বোচ্চ সংখ্যক সাংস্কৃতিক দল ও শিল্পীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

| | | |
|---|---|---|
| ৯। | বিভিন্ন ধরণের খেলার প্রবীণ ও বর্তমান প্রখ্যাত খেলোয়াড়গণ ও প্রশিক্ষিত স্কেটারগণ শোভাযাত্রায় অংশগ্রহণ করতে পারবে। | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ১০। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষনকে কেন্দ্র করে ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড নির্বাচন ও প্রস্তুতির লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১১। | প্রয়োজনীয় সংখ্যক শিল্পীসহ সুসজ্জিত দু'টি ট্রাক শোভাযাত্রায় থাকবে। এবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১২। | পর্যাপ্ত সংখ্যক সুসজ্জিত ঘোড়ার গাড়ি সরবরাহ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ১৩। | শোভাযাত্রাটি ধানমন্ডি ৩২ নম্বর হতে আরম্ভ করে মিরপুর রোড-সাইন্স ল্যাবরেটরি-শাহবাগ-সোহ্‌রাওয়ার্দী উদ্যানে গিয়ে শেষ হতে পারে। | সংশ্লিষ্ট সকল |
| ১৪। | শাহবাগ ও আজিমপুর এবং এর আশেপাশে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ জাতীয় জাদুঘরের সামনে অবস্থান করবে এবং ধানমন্ডি ৩২ নম্বর হতে আগত শোভাযাত্রার সঙ্গে অংশগ্রহণ করবে। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, অতিরিক্ত জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার, ঢাকা। |
| ১৫। | বাংলাদেশ শিশু একাডেমি শোভাযাত্রায় অংশগ্রহণ করবে। | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি |
| ১৬। | ছাত্র-ছাত্রীদের জন্য হালকা নাস্তা ও পানীয়জলের ব্যবস্থা করতে হবে। | জেলা প্রশাসক, ঢাকা |
| ১৭। | অংশগ্রহণকারীদের জন্য মেডিকেল টিমের ব্যবস্থা করতে হবে। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, সিভিল সার্জন, ঢাকা |
| ১৮। | শোভাযাত্রায় অংশগ্রহণকারীদের নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ১৯। | শোভাযাত্রাকে বর্ণাঢ্য ও বৈচিত্রময় করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ২০। | ছাত্রছাত্রীদের ব্যবহারের জন্য পর্যাপ্ত সংখ্যক যানবাহনের (বাস) ব্যবস্থা করতে হবে। | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, ঢাকা। |
| ২১। | মঞ্চের সন্নিকটে ছাত্র-ছাত্রীদের বসার ব্যবস্থা করতে হবে। | মঞ্চসজ্জা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান বাস্তবায়ন কমিটি |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৬/১১/১৭

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব
ও
ধানমন্ডি ৩২ সম্বর সড়ক হতে শোভাযাত্রা বাস্তবায়ন কমিটি